# চুরুট – *তামাকের সাদামাটা মোড়ক আইন ২০১১* অনুসারে সম্মতিবিধান (এবং প্রাসঙ্গিক অন্যান্য বিধিমালা)

## চুরুটের মোড়কীকরণ

### প্রশ্ন ১। যেসব তামাকদ্রব্য বিধি-অসম্মত মোড়কে আছে সেগুলোকে কি আমাকে পুনরায় মোড়কে রাখতে হবে?

বিধি-অসম্মত মোড়কে যদি আপনার তামাকদ্রব্য থাকে যা আপনি বিক্রি করার ইচ্ছা রাখেন, বিক্রির জন্য দিতে পারেন অথবা অন্যভাবে সরবরাহ করতে পারেন, তাহলে তা আপনাকে পুনরায় বিধিসম্মত মোড়কে রাখতে হবে।

মোড়কটি (চুরুটের ব্যাগসহ) অবশ্যই প্যান্টোন ৪৪৮সি, যা নিষ্প্রভ গাঢ় বাদামী রঙের, হতে হবে। এর পালিশ হবে অনুজ্জ্বল যার সাথে স্বাস্থ্য-সম্পর্কিত সতর্কীকরণ থাকতে হবে।

### প্রশ্ন ২। বিধিসম্মত মোড়ক আমি কোথায় পাবো?

আপনি খুচরা বিক্রেতা হলে আপনার সরবরাহকারী/আমদানীকারক/প্রস্তুতকারকের সাথে এ ব্যাপারে আলোচনা করার জন্য যোগাযোগ করা উচিত। আপনি এই দ্রব্যের সরবরাহকারী/আমদানীকারক/প্রস্তুতকারক হলে আপনাকে বিধিসম্মত মোড়কের এবং ছাপার ব্যবস্থা করা প্রয়োজন।

### প্রশ্ন ৩। চুরুটের প্রতিটি শলাকা আলাদাভাবে বিক্রি করার জন্য কি সাদামাটা মোড়ক দরকার?

হ্যাঁ, এগুলোকে অবশ্যই বিধিসম্মত মোড়কে রাখতে হবে (নিচে ৫ নম্বর প্রশ্নটিও দেখুন)

মোড়কটি (চুরুটের ব্যাগসহ) অবশ্যই প্যান্টোন ৪৪৮সি, যা নিষ্প্রভ গাঢ় বাদামী রঙের, হতে হবে। এর পালিশ হবে অনুজ্জ্বল যার সাথে স্বাস্থ্য-সম্পর্কিত সতর্কীকরণ থাকতে হবে। আইনের সাথে সম্মতিবিধান নিশ্চিত করার লক্ষ্যে চুরুট সরবরাহকারীদের জন্য পর্যাপ্ত পরিমাণে চুরুটের ব্যাগ বা বিধিসম্মত মোড়ক মজুত রাখা দরকার।

আলাদাভাবে যেসব চুরুট বিক্রি করা যাবে তাদের গায়ে গাঢ় বাদামী রঙের (প্যান্টোন ৪৪৮সি) বন্ধনী থাকতে পারে এবং *তামাকের সাদামাটা মোড়ক নিয়ন্ত্রণ ২০১১* বিধিমালা অনুমোদিত বিশেষ চিহ্ন থাকতে পারে।

### প্রশ্ন ৪। আমি কি বিধি-অসম্মত তামাকদ্রব্য বিক্রয়ের সময় একটি বিধিসম্মত ব্যাগে (অথবা বিধিসম্মত অন্য পাত্রে) রাখতে পারি? (যেমন, বিধি-অসম্মত সিগারেট বা চুরুট বা নিজে নিজে চুরুট বানানোর (RYO) তামাকের পুঁটলি এবং টিন একটি বিধিসম্মত চেইনলক ব্যাগে রাখা)

না। বিধি-অসম্মত মোড়কের তামাকদ্রব্য বিক্রয়, বিক্রয়ের জন্য দেয়া বা অন্যভাবে সরবরাহ করার আগে তা অবশ্যই পুনরায় মোড়কে রাখতে হবে।

### প্রশ্ন ৫। একজন সম্ভাব্য ক্রেতাকে কি আমি বিধি-অসম্মত সাদামাটা মোড়কে রাখা চুরুট দেখাতে পারি?

না। একটি চুরুট দেখা যেতে পারে হয় মোড়কবিহীন অবস্থায় অথবা সাদামাটা মোড়কে। মনে রাখা দরকার যে, বিক্রির আগে চুরুট অবশ্যই স্বাস্থ্য-সম্পর্কিত সতর্কীকরণসহ বিধিসম্মত মোড়কে রাখতে হবে।

---

দ্রষ্টব্যঃ এই তথ্য শুধুমাত্র গাইড হিসেবে দেয়া হয়েছে। একে আইনি উপদেশ হিসেবে বিবেচনা করা উচিত হবে না। *তামাকের সাদামাটা মোড়ক আইন ২০১১* এর শর্ত পালনে ব্যর্থ হলে গুরুতর ফৌজদারী ও দেওয়ানী শাস্তি দেয়া হতে পারে। তামাকের সাদামাটা মোড়ক আইন এবং এর সাথে সম্পর্কযুক্ত অন্যান্য আইনের প্রতি আপনার দায়দায়িত্ব সম্পর্কে অবগত না থাকলে কিংবা এ সকল আইনের প্রয়োজনীয়তা বুঝতে সমস্যা হলে আপনাকে নিরপেক্ষ আইনি পরামর্শ নেয়া উচিত।

## চুরুটের বন্ধনী

### প্রশ্ন ৬। চুরুটের বন্ধনীর জন্য শর্তগুলো কী?

চুরুটে গাঢ় বাদামী রঙের (প্যান্টোন ৪৪৮সি) বন্ধনী এবং *তামাকের সাদামাটা মোড়ক নিয়ন্ত্রণ ২০১১* বিধিমালা অনুমোদিত বিশেষ চিহ্ন থাকতে পারে। এ ছাড়া অন্য কোনো চিহ্ন ব্যবহার করা যাবে না (*তামাকের সাদামাটা মোড়ক আইন ২০১১* এর পরিচ্ছেদ ২৬)। বিধি-অসম্মত বন্ধনী অবশ্যই সরিয়ে ফেলতে হবে অথবা বিধিসম্মত সাদামাটা মোড়কের আঠাযুক্ত বন্ধনী দিয়ে ঢেকে দিতে হবে। বিধিসম্মত আঠাযুক্ত বন্ধনীটি বিধি-অসম্মত বন্ধনীকে অবশ্যই পুরোপুরিভাবে ঢেকে ফেলতে হবে এবং শক্তভাবে এর গায়ে লেগে থাকতে হবে যাতে করে ঢেকে রাখা বন্ধনী থেকে তা সহজে উঠিয়ে ফেলা না যায়।

## আরও তথ্য

### প্রশ্ন ৭। সাদামাটা মোড়কের শর্তাবলী সম্পর্কে আরও তথ্য আমি কোথায় পেতে পারি?

*তামাকের সাদামাটা মোড়ক আইন ২০১১* এর ১৮ থেকে ২৬ পরিচ্ছেদ এবং *তামাকের সাদামাটা মোড়ক নিয়ন্ত্রণ ২০১১* এর নিয়ন্ত্রণ বিধিমালার ২.১.৩ থেকে ২.৬.৩, ৩.২.১ এবং ৩.২.২ পরিচ্ছেদ দেখুন।

## তামাক সরবরাহকারীদের জন্য তথ্য

তামাকদ্রব্যের একজন সরবরাহকারী হিসেবে এটা আপনার দায়িত্ব যে প্রযোজ্য আইনের আওতায় আপনার কী করণীয় সে সম্পর্কে আপনি প্রয়োজনীয় জ্ঞান অর্জন ও তা হালনাগাদ রাখবেন। নিচের উৎসগুলো থেকে আরও তথ্য পাওয়া যাবেঃ

- ওয়েবসাইটঃ www.health.gov.au/tobaccopp এবং www.productsafety.gov.au
- *তামাকের সাদামাটা মোড়ক আইন ২০১১* এবং *তামাকের সাদামাটা মোড়ক নিয়ন্ত্রণ ২০১১* বিধিমালা www.comlaw.gov.au ওয়েবসাইটে পাওয়া যাবে
- প্রতিযোগিতা এবং ভোক্তা তথ্যের (তামাক)স্ট্যান্ডার্ড ২০১১ (কম্পিটিশন এ্যান্ড কঞ্জুমার (টোব্যাকো) ইনফরমেশন স্ট্যান্ডার্ড ২০১১) www.comlaw.gov.au ওয়েবসাইটে পাওয়া যাবে
- স্বাস্থ্য-সম্পর্কিত সতর্কীকরণ এবং এর চিত্র সম্পর্কে সুনির্দিষ্ট জিজ্ঞাসার জন্য অস্ট্রেলিয়ার প্রতিযোগিতা ও ভোক্তা কমিশন (অস্ট্রেলিয়ান কম্পিটিশন এ্যান্ড কঞ্জুমার কমিশন (এসিসিসি))-র তথ্যকেন্দ্র (ইনফো সেন্টার) - ১৩০০ ৩০২ ৫০২
- সাদামাটা মোড়ক সম্পর্কে (স্বাস্থ্য-সম্পর্কিত সতর্কীকরণ এবং এর চিত্র ছাড়া) সুনির্দিষ্ট জিজ্ঞাসা থাকলে সাদামাটা মোড়ক অভিযোগের লাইন ১৮০০ ০৬২ ৯৭১ নম্বরে ফোন করুন অথবা ppcomplaints@health.gov.au ঠিকানায় ইমেইল করুন।

---

**দ্রষ্টব্যঃ** এই তথ্য শুধুমাত্র গাইড হিসেবে দেয়া হয়েছে। একে আইনি উপদেশ হিসেবে বিবেচনা করা উচিত হবে না। *তামাকের সাদামাটা মোড়ক আইন ২০১১* এর শর্ত পালনে ব্যর্থ হলে গুরুতর ফৌজদারী ও দেওয়ানী শাস্তি দেয়া হতে পারে। তামাকের সাদামাটা মোড়ক আইন এবং এর সাথে সম্পর্কযুক্ত অন্যান্য আইনের প্রতি আপনার দায়দায়িত্ব সম্পর্কে অবগত না থাকলে কিংবা এ সকল আইনের প্রয়োজনীয়তা বুঝতে সমস্যা হলে আপনাকে নিরপেক্ষ আইনি পরামর্শ নেয়া উচিত।